**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোন: ০২-৮৮৭৯২৯৯, ফ্যাক্স: ০২-৮৮৭৯১৯৯।
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং: ৩৫.০১.০০০০.০০১.০৭.০০৩.২১-৬৮১ তারিখ: ১২ এপ্রিল ২০২১ খ্রিঃ

**বিষয় : সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) খাতের আওতায় অভ্যন্তরীণ কার্য ক্রয়ে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগ সংক্রান্ত।**

সূত্রঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, রক্ষণাবেক্ষণঅধিশাখার এর স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.২২.০০৬.২১-১৬২; তারিখ: ২১ মার্চ ২০২১ খ্রি:।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রদত্ত অনুমতির প্রেক্ষিতে পিপিআর ২০০৮ এর বিধি ৬৩(১)(ঘ) অনুযায়ী সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় প্রতি ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের অভ্যন্তরীন কার্য (NCT - works) ক্রয়ে একটি সড়ক বিভাগের অনুকূলে প্রদত্ত এক অর্থবছরের (পরিচালন বাজেটের) মোট বরাদ্দের সর্বোচ্চ শতকরা ৫০ ভাগ ই-জিপি প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগে সম্পাদন করা যাবে।

এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে নিম্নলিখিত শর্তসমূহ প্রতিপালন করতে হবেঃ

১. পিপিআর ২০০৮ এর বিধি ৬৩(৩) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগের পূর্বানুমোদন প্রদান সংক্রান্ত ক্রয়কারী কার্যালয় প্রধান হিসাবে প্রধান প্রকৌশলীর ক্ষমতা সংশ্লিষ্ট জোন এর অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে অর্পণ করা হল। ফলে প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে LTM প্রয়োগের লক্ষ্যে পিপিআর ২০০৮ এর বিধি ৬৩(৩) অনুযায়ী ক্রয়কারীগণকে কেইস-বাই-কেইস সংশ্লিষ্ট জোন এর অতিরিক্ত প্রধান প্রকৌশলী'র পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্তৃক কোন ক্রয়ের জন্য LTM প্রয়োগের পূর্বানুমোদন প্রদান করা হলে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও প্রধান প্রকৌশলী, সওজকে তা অবহিত করতে হবে।
২. LTM প্রয়োগের ক্ষেত্রে অবশ্যই ই-জিপি সিস্টেমের মাধ্যমে দরপত্র প্রক্রিয়াকরণ করতে হবে;
৩. প্রতিযোগিতা ও স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যেই-জিপি ওয়েবসাইট ছাড়াও পিপিআর ২০০৮ এর বিধি ৬৪(৩) অনুযায়ী সওজ এর ওয়েবসাইট এবং স্থানীয় পত্রিকায় সংক্ষিপ্ত আকারে বিজ্ঞাপণ প্রকাশ করতে হবে;
৪. শুধুমাত্র কার্য (Works) ক্রয়ের ক্ষেত্রে LTM প্রয়োগের এই নির্দেশনা কার্যকর হবে;
৫. LTM পদ্ধতিতে কার্য ক্রয়ের জন্য পিপিআর ২০০৮ এর বিধি ৫২ অনুযায়ী প্রতিটি সড়ক বিভাগ এর অধীনে ঠিকাদারগণের তালিকাভূক্তিকরণপূর্বক তা সংরক্ষণ এবং বছরভিত্তিক হালনাগাদ করতে হবে। তবে কোন একটি সড়ক বিভাগে তালিকাভূক্ত ঠিকাদারের সংখ্যা তুলনামূলকভাবে কম হলে এবং ক্রয়কারী কর্তৃক যুক্তিসংগত বিবেচিত হলে সংশ্লিষ্ট সড়ক সার্কেল এর অধীন নিকটবর্তী অন্যান্য সড়ক বিভাগ এর তালিকাও প্রযোজ্য হিসাবে বিবেচনা করা যাবে এবং সেই মোতাবেক ই-জিপি সিস্টেমেও জেলা নির্বাচন করা যাবে। তবে কোন অবস্থাতেই সংশ্লিষ্ট সড়ক সার্কেল এর আওতা অতিক্রম করা যাবে না।
৬. পিপিআর ২০০৮ এর বিধি ২৭(১) অনুযায়ী LTM এর ক্ষেত্রে কার্যসম্পাদন জামানত (Performance Security) চুক্তিমুল্যের ৩% থেকে ৫% এর মধ্যে রাখতে হবে।
৭. পিপিআর ২০০৮ সহ অন্যান্য প্রযোজ্য সকল বিধি-বিধান আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হল।

১২/৪/২০২১
(মোঃ আবদুস সবুর)
পরিচিতিনং- ০০৫০২৪
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

অনুলিপি:
১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বিতরণঃ

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা / ময়মনসিংহ / চট্টগ্রাম / কুমিল্লা / সিলেট / রংপুর / রাজশাহী / খুলনা / বরিশাল / গোপালগঞ্জ।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মাঠ পর্যায়ের সকল সার্কেল।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। পত্রটি সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
৪. নির্বাহী প্রকৌশলী, সওজ, মাঠ পর্যায়ের সকল সড়ক বিভাগ।